29

তারিখ 08 JAN 1996
পৃষ্ঠা ... ৩ ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

# বিভিন্ন স্থানে বইমেলা

খুলনা অফিস ॥ গত (সোমবার) বিকালে স্থানীয় শহীদ হাদিস পার্কে স্পীকার শেখ রাজ্জাক আলী সপ্তাব্যাপী খুলনা বই মেলা '৯৬র উদ্বোধন করেন। উদ্বোধনী বক্তৃতায় তিনি বলেন, সুষ্ঠু চিন্তাভাবনা, সৃজনশীলতা এবং মনোজাগতিক উন্নয়নে গ্রন্থ চর্চার বিকল্প নাই। তিনি বলেন, বই মনকে আলোকিত করে, জ্ঞানের দিগন্ত প্রসারিত করে এবং সম-

( ৪র্থ পৃ: দ্রষ্টব্য )

## বই মেলা

( ৩য় পৃ: পর )

কালীন চিন্তা চেতনায় উদ্ভাসিত করে।

রাজশাহী অফিস ॥ ১লা জানুয়ারী জেলা প্রশাসনের উদ্যোগে রাজশাহী কলেজিয়েট স্কুল মাঠে সাতদিনব্যাপী বইমেলা শুরু হইয়াছে। ইহাতে ১২টি বইয়ের ষ্টলসহ ১৯টি ষ্টল অংশগ্রহণ করিতেছে। বইমেলা প্রতিদিন বেলা ২টা হইতে রাত ৮টা পর্যন্ত খোলা থাকিবে।

গতকাল বিকালে আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে বইমেলার উদ্বোধন করিয়াছেন রাজশাহীর মেয়র মিজানুর রহমান মিনু। সভাপতি ছিলেন জেলা প্রশাসক আবদুল মালেক।

গাজীপুর সংবাদদাতা ॥ গত সোমবার গাজীপুর জেলা সদরে কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে ৭ দিনব্যাপী গ্রন্থ সপ্তাহ ও বইমেলা শুরু হইয়াছে। গাজীপুর জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই গ্রন্থ মেলায় জেলার বিভিন্ন পুস্তক বিক্রেতা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও বিভিন্ন সরকারী বেসরকারী সংস্থার ১৮টি বইয়ের স্টল খোলা হইয়াছে। এ উপলক্ষে সকালে শহরে ছাত্রশিক্ষকসহ সর্বস্তরের ব্যক্তিবর্গের সমন্বয়ে এক বর্ণাঢ্য মিছিল বাহির হয়।

খাগড়াছড়ি সংবাদদাতা ॥ জাতীয় গ্রন্থ দিবস ও গ্রন্থমেলা ৯৬ উপলক্ষে গতকাল সোমবার জেলা সদরে এক বর্ণাঢ্য মিছিল বাহির করা হয়। শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পৌর মিলনায়তনে আসিয়া মিছিল শেষ হয়। মিছিলের নেতৃত্ব দেন স্থানীয় সরকার পরিষদ চেয়ারম্যান সমীরণ দেওয়ান, তিনি ফিতা কাটিয়া সপ্তাহব্যাপী আয়োজিত গ্রন্থমেলার উদ্বোধন করেন। পরে ডিসি মোহাম্মদ ইসমাইল-এর সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

তথ্য বিবরণীতে বলা হয়, চট্টগ্রামে মিউনিসিপ্যাল মডেল হাইস্কুল প্রাঙ্গণে সপ্তাহব্যাপী বই মেলা '৯৬ শুরু হইয়াছে। বিভাগীয় কমিশনার মো: শফিকুল ইসলাম বই মেলার উদ্বোধন করেন।

এর আগে বইমেলা '৯৬ উপলক্ষে এক বর্ণাঢ্য মিছিল কেন্দ্রীয় শহীদ মিনার হইতে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক অতিক্রম করিয়া মিউনিসিপ্যাল মডেল হাইস্কুল প্রাঙ্গণে শেষ হয়। এ বই মেলায় মোট ৪০টি ষ্টল অংশগ্রহণ করিতেছে।